

## “দ্যা পল্ডস্ কমিউনিটি হাব”-এ “দর্পন কালচারাল এন্ড রিলিজিয়াস এসোসিয়েশন সিডনি”-র পক্ষ থেকে উদযাপিত হয় সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গাপূজা।

গত ১১ অক্টোবর, শুক্রবার থেকে ১৩ অক্টোবর ২০২৪ রবিবার “দ্যা পল্ডস্ কমিউনিটি হাব”-এ “দর্পন কালচারাল এন্ড রিলিজিয়াস এসোসিয়েশন সিডনি”-র পক্ষ থেকে উদযাপিত হয় সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গাপূজা।

শরতের পেঁজা তুলোয় ভরা মেঘ ও রোদের আকাশে চারিদিকে কাশফুলের সমারোহ মনে করিয়ে দিচ্ছে দুর্গাপূজা এসে গিয়েছে। পূরণ অনুযায়ী শুক্রবার দেবীর অকালবোধন এর মধ্য দিয়ে সূচনা হয় দুর্গা পূজার। শিশু থেকে বৃদ্ধ, সবাই ব্যস্ত ছিল পূজার সাঁজ-সজ্জা, বোধন পূজা ও অন্যান্য আয়োজনে।

শনিবার সকালে পুষ্পাঞ্জলির মধ্য দিয়ে শুরু হয় দিনব্যাপী পূজার কার্যক্রম। শিশুদের জন্য ছবি আঁকার ও খেলাধুলার ব্যবস্থা ছিল। দিনব্যাপী নানা বয়সী শিশু কিশোরদের ঢাকের তালে নাচতে ও ঢাক বাজানোর আনন্দে মেতে উঠতে দেখা গেছে। প্রবাসে বেড়ে ওঠা সনাতন ধর্মাবলম্বী শিশুদের মধ্যে ধর্মীয় চেতনা ও পূজার মাহাত্ম্য পৌঁছে দেয়া দর্পন পরিবারের অনেকগুলো উদ্দেশ্যের মধ্যে অন্যতম। তারই প্রতিফলন দেখা গেছে নানা বয়সী শিশু ও কিশোর কিশোরীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মধ্যে।

সন্ধ্যা আরতি ও ঢাকের বাজনার পর দর্পন পরিবারের সদস্যরা উপস্থিত অতিথিদের উদ্দেশ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন। বক্তব্যে সম্প্রতি বাংলাদেশে দুর্গাপূজা চলাকালীন সময়ে দেশব্যাপী বিভিন্ন পূজামণ্ডপে সাম্প্রদায়িক হামলা ও সনাতন ধর্মাবলম্বীদের উপর ঘৃণ্য আক্রমণ ও প্রাণনাশের ঘটনার প্রতিবাদস্বরূপ এক মিনিট নীরবতা পালন করা হয়। আয়োজকরা সংখ্যালঘুদের ওপর ঘটে যাওয়া এই বর্বরোচিত হামলার তীব্র নিন্দা জানান এবং দর্পন পরিবারের পক্ষ থেকে বাংলাদেশে অবস্থানরত সকল সনাতন ধর্মাবলম্বীদের পাশে থাকার প্রত্যয় ব্যক্ত করেন।

" মঙ্গল দ্বীপ জেলে" গানটির মধ্য দিয়ে শুরু হয় ছোটদের সাংস্কৃতিক পরিবেশনা। দর্পন পরিবারের কনিষ্ঠ সদস্যরা কিছুক্ষনের জন্য উপস্থিত সবাইকে মুগ্ধ করে রাখে তাদের গান, নাচ আর আবৃত্তি পরিবেশনা দিয়ে। অনুষ্ঠান দ্বিতীয়ার্ধে ছিল বড়দের চমকপ্রদ আয়োজন। নাচে, গানে, আবৃত্তিতে মুখরিত ছিল সম্পূর্ণ আয়োজন।

তৃতীয়দিন, রবিবার ছিল দর্পন পরিবারবর্গ ও তাদের বন্ধু বান্ধব দের মিলন মেলা। দশমীর অঞ্জলি ও সিঁদুর খেলা ছিল অন্যতম আকর্ষণ। প্রতিদিন দুপুরে, সন্ধ্যায় ও রাতে ছিল প্রসাদ বিতরণ। সব মিলিয়ে তিনদিনই ছিল মহা আয়োজন। দেখতে দেখতে চলে এল মা দুর্গা কে বিদায় এর ক্ষণ। একসাথে সকলের মুখে মুখে তখন, "সামনের বছর আবার হবে"।







Galaxy S23 Ultra



Galaxy S23 Ultra



Galaxy S23 Ultra